

একই নম্বর ও তারিখের সরকারি আদেশের স্থলাভিষিক্তক্রমে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.hajj.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.১৬-৫২০

তারিখ : ১৫.০৫.২০১৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি ব্যবস্থাপনায় ২০১৬ সনের গমনোচ্ছদের প্রাক-নিবন্ধন কার্যক্রম ২৮/০৩/২০১৬ খ্রি: তারিখে সম্পন্ন হয়েছে। ২৮/০৩/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত সময়ে ৮৮,১৯৭ জন প্রাক-নিবন্ধনকারী ও গাইড-মোনাঞ্জেমসহ কোটা পূর্ণ হওয়ায় সৌদি আরবে ৪৮৩টি এজেন্সির (এককভাবে ২৯১টি ও সমঝোতাকারী ১৯২টি) তালিকা ধার্যকৃত গত ০৭/০৫/২০১৬খ্রি: তারিখে নিবন্ধনের জন্য প্রেরণ করা হয়েছে। শুধুমাত্র নিবন্ধিত এই ৪৮৩টি এজেন্সির মাধ্যমে টাকা জমা দিয়ে হজযাত্রীদের পিলগ্রিম আইডি সংগ্রহ করতে হবে। তবে সরকারি ব্যবস্থাপনায় গমনোচ্ছু হজযাত্রীদের ২০১৬ সালের প্রাক-নিবন্ধন চলমান রয়েছে।

বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত হজযাত্রীদের পিলগ্রিম আইডি সংগ্রহের উদ্দেশ্যে নিবন্ধন কার্য সম্পন্ন করে স্ব-স্ব এজেন্সির মাধ্যমে নির্ধারিত ব্যাংকে (নির্ধারিত ২৩টি ব্যাংক) মোট টাকা সরকারি ব্যবস্থাপনার কমপক্ষে প্যাকেজ-২ এর সমপরিমাণ ধরে অবশিষ্ট টাকা আপ্যামী ৩০/০৫/২০১৬খ্রি: তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জমা দিয়ে ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করে হজ ও ওমরাহ নীতি (১৪৩৭ হি:) ২০১৬ খ্রি. এবং হজ প্যাকেজ-২০১৬/১৪৩৭ হিজরী (সংশোধিত) এর অনুচ্ছেদ নং-৩.৮ অনুযায়ী হাব কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যাংক স্টেটমেন্ট (জমা বিবরণী), পরিচালক, হজ অফিস, ঢাকায় জমাদান নিশ্চিত করত উহার অনুলিপি অবশ্যই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০৪/২০১৬খ্রি: তারিখের নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.১৬-৪৬২ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শুধুমাত্র সোনালী ব্যাংক লিঃ এর পরিবর্তে নির্ধারিত ২৩ (তেইশ) টি ব্যাংকের যে কোন একটিতে টাকা জমাদান নিশ্চিত করতে হবে।

তারিখ : ১৫.০৫.২০১৬ খ্রিঃ

নির্দেশক্রমে,



মোঃ শহীদুল্লাহ তালুকদার

সহকারী সচিব (হজ-২)

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বিতরণ :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড (দৃ: আ: জনাব জাহিদুল হক, এজিএম)।
- ৫। সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:, কারওয়ান বাজার, ঢাকা।